

তীব্র তাপ প্রবাহে প্রাণিসম্পদ ব্যবস্থাপনায় করণীয়

আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী দেশের বিভিন্ন জেলার উপর দিয়ে মৃদু থেকে মাঝারি তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং আগামী দিনগুলোতে তীব্র তাপ প্রবাহের সম্ভাবনা রয়েছে। তাপ প্রবাহ এবং তা অব্যাহত থাকতে পারে। এই ধরনের আবহাওয়ায় গবাদিপশু ও হাঁস-মুরগী তাপ প্রবাহজনিত গীড়নে (Heat Stress) এ আক্রান্ত হতে পারে। এমতাবস্থায় গবাদিপশু ও হাঁস-মুরগী পালনকারী খামারীগণকে তাপ প্রবাহজনিত গীড়ন প্রতিরোধে নিম্নবর্ণিত করণীয় বিষয়সহ প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১. গবাদিপশু/পোল্ট্রির ঘর বা শেড শীতল রাখার ব্যবস্থা করতে হবে। এ জন্য শেডের চালে/ভেজা চট/বস্তা/কাপড় বিছিয়ে দেয়া যেতে পারে এবং কিছু সময় পর পর তাতে পানি ছিটিয়ে ভিজিয়ে দিতে হবে। শেডের ভিতরেও ভেজা চট/বস্তা/কাপড় বুলিয়ে রাখলে ঘরের ভিতরের তাপমাত্রা শীতল রাখতে সাহায্য করবে।

২. শেডের উপরে সরাসরি সূর্যের তাপ প্রতিরোধে খড়ের স্তর/রঙিন (কালো বা সচ্ছ নয়) পলিথিন সামিয়ানার মত করে দেয়া যেতে পারে।

৩. শেডের ভিতরে পর্যাপ্ত বায়ু চলাচলের ব্যবস্থা করতে হবে প্রয়োজনে ফ্যান / একজস্ট ফ্যান ব্যবহার করতে হবে।

৪. তীব্র তাপ প্রবাহের সময় গবাদিপশুকে আবদ্ধ ঘরে বা খোলা মাঠে না রেখে গাছের ছায়াযুক্ত স্থানে রাখার ব্যবস্থা করতে হবে।

৫. পর্যাপ্ত, বিশুদ্ধ ও ঠান্ডা পানি সরবরাহের ব্যবহার নিশ্চিত করতে হবে। পানির সাথে পরিমিতমত ইলেক্ট্রোলাইট ও ভিটামিন সি মিশিয়ে দেয়া যেতে পারে।

৬. সকালে ও সন্ধ্যায় খাদ্য প্রদান করতে হবে এবং উচ্চ শক্তি / প্রোটিনযুক্ত খাদ্য পরিহার করতে হবে।

৭. গবাদিপশুকে একাধিকবার গোসল করানো / পাইপের সাহায্যে শরীর ভিজিয়ে দিতে হবে।

৮. প্রতি ইউনিট জায়গায় গবাদিপশু ও হাঁস-মুরগির সংখ্যা কমিয়ে বেশি জায়গা নিশ্চিত করতে হবে যাতে গাদাগাদি কম হয় এবং স্বস্তিতে থাকতে পারে।

৯. তীব্র গরমে গবাদিপশু/হাঁস-মুরগীকে টিকা কিংবা কুমিনাশক প্রদান করা থেকে বিরত থাকতে হবে এবং পরিবহনের প্রয়োজন হলে দিনের অপেক্ষাকৃত শীতল সময়ে পরিবহন করতে হবে।

১০. গবাদিপশু / হাঁস-মুরগী বিষয়ে যে কোন পরামর্শ এর জন্য নিকটস্থ ভেটেরিনারি হাসপাতালে যোগাযোগ করতে হবে।

১১. প্রাণিসম্পদ অধিদপ্তরের National Livestock Advisory System (nals.dls.gov.bd) হতে আবহাওয়ার পূর্বাভাস এবং তাপমাত্রা-আর্দ্রতা সূচক (THI) অনুসরণ করে আগাম প্রস্তুতি নিতে হবে।

প্রচারে: জেলা প্রাণিসম্পদ দপ্তর, রাজশাহী